সমকাল

তারিখ 08 NOV 2015
পৃষ্ঠা ৫ কলাম ২

# যশোরে অনার্স পরীক্ষায় প্রক্সি দিতে এসে আটক সাত

■ যশোর অফিস

অনার্স দ্বিতীয় বর্ষের ইংরেজি পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে শনিবার যশোর উপশহর মহিলা ডিগ্রি কলেজ থেকে সাতজনকে আটক করা হয়েছে। এ সময় পালিয়ে রক্ষা পান আরও দু'জন। আটককৃতদের রাতে থানায় সোপর্দ করা হয়েছে। আটককৃতরা হলেন মনিরামপুরের পারবাজার এলাকার মোস্তাক আহমেদ, দুর্বাডাঙ্গার হাসানুজ্জামান, পারখাজুরার আসাদুজ্জামান, মোবারকপুরের মানসুর আলী, শার্শার বোয়ালিয়া গ্রামের আশরাফুল আলম, কেশবপুরের বাঘাবড়েঙ্গা গ্রামের হাসানুজ্জামান এবং সাতক্ষীরার তালা উপজেলার মুড়াগাছা গ্রামের ফারহান মাহমুদ।

উপশহর মহিলা ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ ড. শাহনাজ পারভীন জানান, শনিবার বিকেলে ছিল ইংরেজি অনার্স দ্বিতীয় বর্ষের পরীক্ষা। এদিন ওই সাতজন অন্য শিক্ষার্থীদের পক্ষে কলেজে আসেন পরীক্ষা দিতে। পরীক্ষা কেন্দ্রে তাদের দেওয়া খাতায় স্বাক্ষর করার সময় সন্দেহ হয়। পরে তারা স্বীকার করেন, অন্যের হয়ে পরীক্ষা দিতে এসেছেন।